গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

**বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০২৬-২৭ অর্থবছরের মধ্যমেয়াদি বাজেট প্রাক্কলন ব্যয়সীমা, ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণের ব্যয়সীমা এবং ২০২৬-২৭ হতে ২০২৮-২৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ সংক্রান্ত "বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)" এর সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মাহবুবা ফারজানা<br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৭ এপ্রিল ২০২৬ |
| সময় | : | বেলা ১২:০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে অর্থ বিভাগের বাজেট পরিপত্র-২ এর আলোকে সরকারের মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহে প্রতিফলিত কৌশলগত নীতি ও অগ্রাধিকারের সাথে বাজেট বরাদ্দের যোগসূত্র স্থাপন করে একটি বাস্তবসম্মত বাজেট প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৫টি দপ্তর/সংস্থা রয়েছে। প্রতিটি দপ্তর/সংস্থা সরকারের উন্নয়নমূলক কাজের সাথে বিশেষভাবে সম্পৃক্ত। অত:পর দপ্তর/সংস্থাভিত্তিক প্রাক্কলন ও প্রক্ষেপণ উপস্থাপনের জন্য যুগ্মসচিব (বাজেট) কে আহবান জানানো হয়। তিনি ধারাবাহিকভাবে ২০২৬-২৭ অর্থ বছরের মধ্যমেয়াদি বাজেট প্রাক্কলন, ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ এবং রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ উপস্থাপন করেন।

**২.০। ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ:**

২.১। যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থবিভাগ কর্তৃক বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে ২০২৬-২৭ অর্থবছরে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার জন্য ১১৮৮.৭৯ কোটি (এক হাজার একশত আটাশি কোটি উনাশি লক্ষ) টাকা ব্যয়সীমা নির্ধারণ করা হয়। তন্মধ্যে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে পরিচালন ব্যয় খাতে ৯১৩.৪৯ কোটি (নয়শত তেরো কোটি উনপঞ্চাশ লক্ষ) টাকা ও উন্নয়ন ব্যয় খাতে ২৭৫.৩০ কোটি (দুইশত পঁচাত্তর কোটি ত্রিশ লক্ষ) টাকা ব্যয়সীমা নির্ধারণ নির্ধারণ করা হয়। তাছাড়া, ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে এ মন্ত্রণালয়ের জন্য যথাক্রমে ১২৪৮.২৩ কোটি (এক হাজার দুইশত আটচল্লিশ কোটি তেইশ লক্ষ) টাকার মধ্যে পরিচালন ব্যয় খাতে ৯৫৯.১৬ কোটি (নয়শত উনষাট কোটি ষোলো লক্ষ) টাকা ও উন্নয়ন ব্যয় খাতে ২৮৯.০৭ কোটি (দুইশত উননব্বই কোটি সাত লক্ষ) টাকা এবং ১৩১০.৬৪ কোটি (এক হাজার তিনশত দশ কোটি চৌষট্টি লক্ষ) টাকার মধ্যে পরিচালন. ব্যয় খাতে ১০০৭.১২ কোটি (এক হাজার সাত কোটি বারো লক্ষ) টাকা ও উন্নয়ন ব্যয় খাতে ৩০৩.৫২ কোটি (তিনশত তিন কোটি বায়ান্ন লক্ষ) টাকা নির্ধারণ করা হয়।

২.২ ২০২৬-২৭ অর্থবছরে উন্নয়ন ব্যয় খাতে ২৭৫.৩০ কোটি টাকা প্রাক্কলনের ব্যয়সীমা পর্যালোচনা করা হয়। এছাড়া, ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে উন্নয়ন ব্যয়সীমা যথাক্রমে ২৮৯.০৭ কোটি ও ৩০৩.৫২ কোটি টাকা বাজেট ম্যানেজমেন্ট কমিটি (বিএমসি) সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়।

২.৩ 'বিএমসি' সভায় পর্যালোচনান্তে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাভিত্তিক নির্ধারিত ছকে ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থ বছরের প্রক্ষেপণ নিম্নরূপভাবে চূড়ান্ত করা হয়:

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থা | প্রকৃত ব্যয় | | প্রকৃত ব্যয় ১ম ৬ মাস | | বাজেট | সংশোধিত বরাদ্দ | প্রাক্কলন | প্রক্ষেপণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| (১) মন্ত্রণালয় | | | | | | | | | | |
| (ক) সচিবালয় | ৩৬৭১০১ | ২০২৮০৩ | ৭০৪১৯ | ৮৪৫৯৫ | ৪৭৮৪৪০ | ৪৮৭৩৪২ | ৪৯৯৮০০ | ৫৪২৯০০ | ৫৬৫৮৭৫ | |
| (খ) আন্তর্জাতিক চাঁদা | ৭৭৫৪ | ৭০০৯ | ১৮৭৮ | ১২০ | ৮৮০০ | ৮৮০০ | ৯৮০০ | ১০২৯০ | ১০৮০৪ | |
| (গ) বিদেশস্থ মিশন | ১৫০৪০৭ | ১৬৪১৬৯ | ৬৮৬০২ | ৫৮৪৬২ | ২৬৩৪০০ | ২৬৩৪০০ | ২৬৭২০০ | ২৮০৮৭৫ | ২৯৪৯২০ | |
| (২) তথ্য অধিদফতর | ২৫৯৯০৫ | ২৭৯২৬২ | ১২৪৩০১ | ৯৬৮৮৩ | ৩৪৮৮০০ | ৩৪৭৬০০ | ৩৪১৩০০ | ৩৫৮৩৬৫ | ৩৭৬২৮৩ | |
| (৩) গণযোগাযোগ অধিদপ্তর | ৫৪১৯০০ | ৫৩৫৫৭৮ | ২৩৩৮৯৬ | ১৮৩৮০৫ | ৭০০০৬০ | ৭০০০৬০ | ৭১০৬০০ | ৭৪৬১৩০ | ৭৮৩৪৩৭ | |
| (৪) চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তর | ৩৪১১৩২ | ৬৫৩৪২৯ | ৬০৪৯৪ | ৩৮৯৩৮ | ৪৮১৯০০ | ৩৫০৮২২ | ৪৪৮০০০ | ৪৭০৪০০ | ৪৯৩৯২০ | |
| (৫) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ১২০৪৯৬ | ১১৩৩৬০ | ৪৮৭৪৫ | ২০১০২ | ১৪০০০০ | ১৩৮৫০০ | ১৪৭৭০০ | ১৫৫০৮৫ | ১৬২৮৩৯ | |
| (৬) বাংলাদেশ বেতার | ১৮৮৯১২৮ | ১৮৬৯৯৮৪ | ৮৫৫৩৪৪ | ৪৮১৩৫৭ | ২১৮৩২০০ | ২০৬৭১৮২ | ২২৪৯১০০ | ২৩৫৮০৮৫ | ২৪৭৪৪৩২ | |
| (৭) বাংলাদেশ টেলিভিশন | ২৯৮৫৭৬০ | ৩০৭৯১৬১ | ১২১৯৬২১ | ৬৭৪৯৫৯ | ৩৪৪১১০০ | ৩৩২০৯১১ | ৩৪৫২৪০০ | ৩৬১০০২০ | ৩৭৯৬২৭১ | |

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থা | প্রকৃত ব্যয় | | প্রকৃত ব্যয় ১ম ৬ মাস | | বাজেট | সংশোধিত বরাদ্দ | প্রাক্কলন | প্রক্ষেপণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| (৮) বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড | ৩২২৭৪ | ৩৩৯৮০ | ১৩১৩৪ | ৬২২৩ | ৪৫৩০০ | ৪৩৬৬০ | ৪৮৬০০ | ৫১০৩০ | ৫৩৫৮১ | |
| (৯) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ৮৩০৯৭ | ৮৯৭৮৯ | ৩৪১৯৩ | ২৬৮২২ | ১২৫৬০০ | ১১৮৯৯০ | ১২০৪০০ | ১২৬৪২০ | ১৩২৭৪১ | |
| (১০) তথ্য কমিশন | ৫৯২৬৯ | ৩৮১০৫ | ১৭৭৭২ | ৫৪৫৪ | ৯৩০০০ | ৬০৩৩৫ | ৮৫০০০ | ৮৯২৫০ | ৯৩৭১২ | |
| (১১) প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ৮৮৬৮২ | ১৩৯৪২২ | ৪৪৭৩৬ | ২২৬৯০ | ১৪৫০০০ | ১৪৫০০০ | ১৫২২০০ | ১৫৯৮১০ | ১৬৭৮০০ | |
| (১২) বাংলাদেশ সংবাদ সংস্থা | ৩৮৬৯০০ | ৪২০৭২৭ | ২২০২০২ | ৯৯৩৭৬ | ৪২০০০০ | ৪১৫০৫০ | ৪৩০৩০০ | ৪৫১৮১৫ | ৪৭৪৪০৫ | |
| (১৩) বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট | ৩৩৫৭৯ | ৩৩১০০ | ১১৩১৮ | ৭৫৪৩ | ৪৮০০০ | ৪৫৯৫০ | ৪৮২০০ | ৫০৬১০ | ৫৩১৪০ | |
| (১৪) বাংলাদেশ প্রেস কাউন্সিল | ২০৪৭৯ | ১৮৬৮৭ | ৪৯৫০ | ৪১৭৮ | ২৪০০০ | ২৩১০৮ | ২৪৩০০ | ২৫৫১৫ | ২৬৭৯০ | |
| (১৫)বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | ৭৪৩০০ | ৮০০০০ | ২৬৮৮২ | ২৩০৮৫ | ১০০০০০ | ৯২৪০০ | ১০০০০০ | ১০৫০০০ | ১১০২৫০ | |
| মোট পরিচালন ব্যয় : | ৭৪৪২১৬৩ | ৭৭৫৮৫৬৫ | ৩০৫৬৪৮৭ | ১৮৩৪৫৯২ | ৯০৪৬৬০০ | ৮৬২৯১১০ | ৯১৩৪৯০০ | ৯৫৯১৬০০ | ১০০৭১২০০ | |
| মোট উন্নয়ন ব্যয়: | ১৯৬১৪৫১ | ২৩৬৫৮৬১ | ৫৬৫৬৯১ | ৩৪৬৬৪৬ | ২০৫৩৪০০ | ৩৫৯৬৭,০ | ২৭৫৩০০০ | ২৮৯০৭০০ | ৩০৩৫২০০ | |
| সর্বমোট (পরিচালন ও উন্নয়ন ব্যয়): | ৯৪০৩৬১৪ | ১০১২৪৪২৬ | ৩৬২২১৭৮ | ২১৮১২৩৮ | ১১১০০০০০ | ১২২২৫৮১ | ১১৮৮৭৯০০ | ১২৪৮২৩০০ | ১৩১০৬৪০০ | |

২.৪ অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ থেকে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশস্থ মিশনের ১০টি প্রেস উইং এর ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণের ব্যয়সীমা নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়:

(অংকসমূহ হাজার টাকায়)

| দপ্তর/সংস্থা | প্রকৃত ব্যয় | | প্রকৃত ব্যয় ১ম ৬ মাস | | বাজেট | সংশোধিত বরাদ্দ | প্রাক্কলন | প্রক্ষেপন | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| বিদেশস্থ প্রেস উইংসমূহ: | | | | | | | | | | |
| (১) ইসলামাবাদ | ১০১৫৯ | ১৪২৭৪ | ৫২২৭ | ৪৬৮৩ | ২২৭৩০ | ২২৬০০ | ২১১৪৫ | ২২২০৫ | ২৩৩১৫ | |
| (২) কলকাতা | ১১৯৪০ | ১১৩২১ | ৪৩১১ | ৪৯৯৭ | ২৪৩০০ | ২২৪০০ | ২৩০২০ | ২৪১৭১ | ২৫৩৮০ | |
| (৩) লন্ডন | ২৪৮৯৫ | ২৪২৯১ | ১০৩৭২ | ৭৯৬০ | ৩৬০১০ | ৩৪৯৯৫ | ৩৬০১৪ | ৩৭৮১৫ | ৩৯৭০৫ | |
| (৪) নয়াদিল্লী | ১২৭২৩ | ১১৮১৭ | ৩৭৩০ | ৪৯৯৬ | ২৪০৩০ | ২১৩২০ | ২১৫০০ | ২২৫৭৫ | ২৩৭০৫ | |
| (৫) নিউইয়র্ক | ১০৮২৬ | ১৩৬৫১ | ৭৩৮৬ | ৩৫৭০ | ৩৫০০০ | ৩৫০০০ | ৩৬০৫০ | ৩৮১৬৫ | ৩৯৯৪৫ | |
| (৬) রিয়াদ | ১১০৬৩ | ৮৯০২ | ৬০০৬ | ৩৮১০ | ১৮৭৬০ | ১৬৪১৫ | ১৬৫৩৬ | ১৭৩৬৩ | ১৮২৩১ | |
| (৭) টোকিও | ১৭৫১৫ | ১৬২৬৩ | ৭৭৭৫ | ৪৯৯৮ | ২২৮৮০ | ২৩৯৮০ | ২৩৩৮০ | ২৪৫৪৯ | ২৫৭৭৬ | |
| (৮) ওয়াশিংটন | ৩১৪৮৬ | ৩৮১১৬ | ১০৮২৬ | ১৬০৩২ | ৪১৬১০ | ৪৯৩১০ | ৫০৮৭৫ | ৫৩৪১৮ | ৫৬০৯০ | |
| (৯) কুয়ালালামপুর | ৭২০০ | ৭০৯১ | ৩১৬৯ | ২৮০৫ | ১২৩৮০ | ১২৩৮০ | ১২৯৩০ | ১৩৫৭৭ | ১৪২৬০ | |
| (১০) দুবাই | ১২৬০০ | ১৮৪৪৩ | ৯৮০০ | ৪৬১১ | ২৫৭০০ | ২৫০০০ | ২৫৭৫০ | ২৭০৩৭ | ২৮৫১৩ | |
| মোট: | ১৫০৪০৭ | ১৬৪১৬৯ | ৬৮৬০২ | ৫৮৪৬২ | ২৬৩৪০০ | ২৬৩৪০০ | ২৬৭২০০ | ২৮০৮৭৫ | ২৯৪৯২০ | |

২.৫ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও আওতাধীন ০৮টি দপ্তর/সংস্থার জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২৬-২৭ অর্থবছরের কর ব্যতীত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের লক্ষ্যমাত্রার প্রক্ষেপণ নিম্নরূপভাবে চূড়ান্ত করা হয়:

(অংকসমূহ হাজার টাকায়)

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | প্রকৃত প্রাপ্তি | | প্রকৃত প্রাপ্তি | | লক্ষ্যমাত্রা | সংশোধিত | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকৃত প্রাপ্তি ২০২৩-২৪ | প্রকৃত প্রাপ্তি ২০২৪-২৫ | ১ম ৬ মাস ২০২৪-২৫ | ১ম ৬ মাস ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (সচিবালয়) | ১২০২৭ | ৬৫২৬ | ৩০০৬ | ৪৮৫ | ৩৭০১৫ | ৩৭০১৫ | ৪০৬৯৬ | ৪৪৭৮৮ | ৪৯২২৭ |
| ২ | তথ্য অধিদফতর | ৬৬৩২ | ২৬২৬ | ১৭৪০ | ৮৯৯ | ৪০৭০ | ৪০৭০ | ৪৪৭৭ | ৪৯৪৪ | ৫৪১৭ |
| ৩ | গণযোগাযোগ অধিদপ্তর | ৯৪৩ | ৩৪৬ | ১০১ | ৭৫ | ৭৭৩৩ | ৭৭৩৩ | ৮৫০৬ | ৯৩৫৭ | ১০২৯৩ |
| ৪ | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ১০৭২৫ | ১১৮০৪ | ৩৮ | ০ | ৭৮৭৫ | ৭৮৭৫ | ৮৬৬৩ | ৯৫২৯ | ১০৪৮২ |
| ৫ | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ১১২৭ | ১২৪১ | ৫০৪ | ৫২৮ | ৬৩,০২ | ৬৩০২ | ৬৯৩২ | ৭৬২৫ | ৮৩৮৮ |
| ৬ | বাংলাদেশ বেতার | ৬৩১৪২ | ৫২৫০৭ | ২৬৪৭৯ | ৩৫৮৮ | ৪৬,৩০,৩৩ | ৭৩৫০০ | ৫০৯৩৩৬ | ৫৬০২৭০ | ৬১৬২৯৭ |
| ৭ | বাংলাদেশ টেলিভিশন | ৪০৫০৪৮ | ২৫৩৮৭২ | ৫১৯৯২ | ৮১৩৮ | ৬১,৩৬,৭৪ | ২৬৯২০০ | ৬৭৫০৪৬ | ৭৪২৫৫০ | ৮১৬৮০৫ |
| ৮ | বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড | ৩৯২০ | ৪১৪০ | ২০৪৬ | ৬৫৪ | ১,০৩,৬৯ | ১০৩৬৯ | ১১৪০৬ | ১২৫৪৬ | ১৩৮০১ |
| ৯ | বাংলাদেশ ফিল্ম আর্কাইভস | ৮৪৬ | ৫৪৪ | ৩১৯ | ৪২০ | ৪১,২৫ | ৪১২৫ | ৪৫৩৮ | ৪৯৯১ | ৫৪৯০ |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি: | ৫০৪৪১০ | ৩৩৩৬০৬ | ৮৬২২৫ | ১৪৭৮৭ | ১১৫৪২০০ | ৪২০১৮৯ | ১২৬৯৬০০ | ১৩৯৬৬০০ | ১৫৩৬২০০ |

২.৬ সভায় অর্থবিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-২ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়। রাজস্ব আহরণের বিষয়ে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রকৃত প্রাপ্তির সাথে সমন্বয় রেখে কর ব্যতীত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা সংশোধন করা প্রয়োজন মর্মে দপ্তর/সংস্থা প্রধানগণ আলোকপাত করেন।

৩. **সিদ্ধান্ত:**

৩.১ ২০২৬-২৭ অর্থবছরে পরিচালন ব্যয় খাতে বরাদ্দকৃত ৯১৩.৪৯ কোটি টাকার ব্যয় প্রস্তাব অনুমোদন করা হলো;

৩.২ ২০২৬-২৭ অর্থবছরে উন্নয়ন বাজেট ২৭৫.৩০ কোটি টাকার প্রস্তাব অনুমোদন করা হলো;

৩.৩ ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে পরিচালন ব্যয়ের প্রক্ষেপণ যথাক্রমে ৯৫৯ কোটি ১৬ লক্ষ টাকা ও ১০০৭ কোটি ১২ লক্ষ টাকা এবং উন্নয়ন ব্যয়ের প্রক্ষেপণ যথাক্রমে ২৮৯ কোটি ০৭ লক্ষ টাকা ও ৩০৩ কোটি ৫২ লক্ষ টাকার প্রস্তাব অনুমোদন করা হলো;

৩.৪ ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১২৬ কোটি ৯৬ লক্ষ টাকা এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে প্রক্ষেপণের লক্ষ্যমাত্রা যথাক্রমে ১৩৯ কোটি ৬৬ লক্ষ টাকা ও ১৫৩ কোটি ৬২ লক্ষ টাকার লক্ষ্যমাত্রা অনুমোদন করা হলো;

৩.৫ অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রাক্কলন ও প্রক্ষেপণ আইবাস++ সিস্টেমে এন্ট্রি দিতে হবে।

৪. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৪/২৬

(মাহবুবা ফারজানা)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি

নং-১৫.০০.০০০০.০০০.০১৬.২০.০০১০.২৫-৫৪২

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

২৮.০৪.২০২৬

(মোঃ আব্দুল্লাহ সিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব
☎ ৫৫১০০২২০
E-mail:budget1@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতানুযায়ী নয়):**

০১। অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র/উন্নয়ন/সোস্যাল মিডিয়া), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অনুবিভাগ প্রধান (সম্প্রচার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (প্রশাসন/প্রেস/তগ/পরিকল্পনা/বাজেট/টিভি/বেতার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (প্রশাসন-৪/প্রশাসন-১/চলচ্চিত্র-১/তগ-২/প্রেস-২/টিভি-২/পরিকল্পনা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপসচিব (স্কাইসোয়াম উইং), পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৮। পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ(শিক্ষা ও সামাজিক সেক্টর), শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট), শেরেবাংলা নগর, ঢাকা।
১০। উপসচিব, সাধারণ অর্থনীতি বিভাগ (তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট), শেরেবাংলা নগর, ঢাকা।
১১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

**দপ্তর/সংস্থা:**

০১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০৪। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৬। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
০৯। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা।
১১। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১২। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
১৩। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র ও সার্টিফিকেশন বোর্ড, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা

**অনুলিপি: সদয় অবগতির জন্য:**

০১। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।